গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারী কলেজ,ফেনী
স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী
ফোন : ০২৩৩৪৪-৭৪০৪৯ Email:fenigovcollege@yahoo.com
Website: www.fgc.gov.bd

তারিখ : ২৫/১১/২০২৪ খ্রি.

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্ধারিত বিষয়সমূহে ভর্তি কার্যক্রমে রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমের রেজিস্ট্রেশন আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত website (www.nu.edu.bd/admissions) থেকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত প্রোগ্রমে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নিম্নবর্ণিত ধাপ/নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম জমা দিতে হবে।

**১। আবেদনের যোগ্যতা:**

ক. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক(পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূন্যতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

খ. আবেদনকারীকে স্নাতক(পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে নূন্যতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে নূন্যতম জিপিএ ২.০০ পেতে হবে।

গ. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল সার্টিফিকেট কোর্স পরীক্ষায় নূন্যতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষ (অনুচ্ছেদ-১ এর গ এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঙ. প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ. আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ছ. বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

২। নির্ধারিত বিষয়সমূহ: বাংলা, অর্থনীতি,রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান বিষয়সমূহে আবেদন করা যাবে।

৩। প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও সময়সূচি:

ক. প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে আবেদনের জন্য প্রার্থীকে ২৫/১১/২০২৪ তারিখ বিকাল ৪.০০ টা থেকে ১১/১২/২০২৪ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইটের মাধ্যমে ফরম পূরণ করতে হবে।

খ. জাতীয় বিশ্ববিদ্যালয়ে উল্লেখিত ওয়েবসাইট হতে **১২/১২/২০২৪ খ্রি.** তারিখের মধ্যে আবেদন ফরম, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদানের স্লিপ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজ অফিসের **মাস্টার্স শাখায়** জমা দিতে হবে।

## ৪। প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি : ১১৫০/-

## আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি জমাদান পদ্ধতি :

Sonali Bill Payment System ক্লিক করে অথবা
https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application লগ ইন করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম এর ভর্তি রোল ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে।




------------->




ক্লিক করার পর National University Fee তে ক্লিক করার পর Application ফিতে ক্লিক করে ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেক্ট করে আবেদন ফরমের রোল নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে।

- অপশান লগ ইন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ভর্তির ফি জমা দিয়ে প্রিন্ট কপি ডাউনলোড করতে হবে এবং ডাউনলোডকৃত কপি ভর্তি ফরম এর সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

৫। আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটিতে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে প্রার্থীকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার সত্যায়িত কপিসহ আবেদন ফরম জমা দিতে হবে।

৬। সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরম জমাদানের স্থান :

| |
|---|
| কলেজ প্রশাসনিক ভবন এর<br>নিচ তলায় ১০০১ নং কক্ষ<br>মাস্টার্স শাখা<br>ফরম জমাদানের শেষ তারিখ :<br>১২/১২/২০২৪ খ্রি. দুপুর ১২.০০ টা পর্যন্ত |

বিশেষ দ্রষ্টব্য : আগামী ১২/১২/২০২৪ খ্রি. তারিখ এর মধ্যে কলেজ অফিসে আবেদন ফরম ও টাকা জমাদানের স্লিপ জমা দিতে ব্যর্থ হলে রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য করা হবে।

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ
প্রফেসর [illegible]
অধ্যক্ষ (৯৬৭৭)
ফেনী সরকারি কলেজ, ফেনী।

২৭/১১/২৪ ২৭/১১/২৪